



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
আংগারিয়া, শরীয়তপুর।
www.food.shariatpur.gov.bd



৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০২.৮৬০০.০০০.০৫.০০১.২২.৯৫৯

বিষয়: আমদানী সিদ্ধ চালের চলাচল সূচী জারী (চলাচল সূচী নং- ০৪/২০২৩-২৪)।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকার ১৪/০৯/২০২৩ খ্রি. তারিখের ৪১৮৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ স্মারকের অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে অভ্যন্তরীণ সড়ক পথে আমদানী সিদ্ধ চালের চলাচল সূচী জারী করা হলো।

ক্র.নং	পরিবহনকারীর নাম	প্রেরক কেন্দ্রের নাম	প্রাপক কেন্দ্রের নাম	পণ্য	পরিমাণ (মে.টন)
১	মেসার্স মমতা এন্টারপ্রাইজ, প্রো: জাকির হোসেন কামরু, সাং- দক্ষিণ মধ্যপাড়া, মনোহর বাজার, সদর, শরীয়তপুর।	গোসাইরহাট এলএসডি	ডামুড্যা এলএসডি	আমদানী সিদ্ধ চাল	৩০.০০০
২	মেসার্স খবির উদ্দিন মোল্লা, প্রো: খবির উদ্দিন মোল্লা, সাং- কাশিপুর, মজুমদারকান্দি, সদর, শরীয়তপুর।	”	”	”	৩০.০০০
				মোট =	৬০.০০০

প্রতিপালনীয়ঃ

১. ঠিকাদার/ প্রতিনিধির পরিচয় পত্র ও আনুষঙ্গিক কাগজপত্রের সঠিকতা যাচাই করে চাল প্রেরণ করতে হবে।
২. ঠিকাদার/ প্রতিনিধির উপস্থিতিতে ১০০% ওজনে সংগৃহীত/ মজুদকৃত চাল বোঝাই/ খালাস করতে হবে। চাল প্রেরণের সময় অবশ্যই নমুনা সিলগালা করে যৌথ স্বাক্ষরে প্রাপক বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। কোনক্রমেই পোকাক্রান্ত চাল প্রেরণ করা যাবে না। চাল প্রাপ্তির সময় নমুনার সাথে মিল করে খালাস করতে হবে।
৩. ওয়ারেন্ট অনুযায়ী চাল প্রেরণ করতে হবে।
৪. প্রেরক/ প্রাপক ইনভয়েসের প্রতিটি কলাম অবশ্যই পূরণ করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।
৫. চলাচল সংক্রান্ত বিষয়ে খাদ্য অধিদপ্তরের ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ২১১ নং এবং ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ৫২৬ নং স্মারকের নির্দেশ সমূহ অবশ্যই অনুসরণ করতে হবে।
৬. তারবার্তার মাধ্যমে প্রাপকের নিকট ডেসপাস এ্যাডভাইজ প্রেরণ করতে হবে এবং প্রেরিত মালামালের দৈনিক বিবরণী প্রাপকসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।
৭. প্রাপক ডি-ইনভয়েস প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে প্রাপ্তি ও গড়মিল অংশ যথাযথভাবে পূরণ পূর্বক সরবরাহকারীর নিকট প্রেরণ করতে হবে।
৮. সূচীকৃত মালামাল পরিবহনে ব্যর্থ হলে ঠিকাদারগণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. পরিবহনকালীন সময়ে সরকারী খাদ্যশস্য কোনরূপ ক্ষয়ক্ষতি/ তহরূপ/ জালিয়াতি/ আত্মসাতের জন্য ঠিকাদার দায়ী থাকবেন এবং সম্পাদিত চুক্তি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. ঠিকাদার/ প্রতিনিধিগণ প্রেরণ কেন্দ্রে খাদ্যশস্য গ্রহণের স্বপক্ষে এবং প্রাপক কেন্দ্রে খাদ্যশস্য বুঝিয়ে দেয়ার স্বপক্ষে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট রেকর্ডপত্র স্বাক্ষর করবেন।
১১. শরীয়তপুর জেলায় বিদ্যমান রুটের (আইআরটিসি) অনুমোদিত দরের ভিত্তিতে পরিবাহিত পণ্যের পরিবহন খরচ পরিশোধ করা হবে।
১২. এ সূচীর মেয়াদ আগামী ১৮/০৯/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। সূচীকৃত সমুদয় পণ্য নির্ধারিত সময়ের মধ্যে পরিবহন সম্পন্ন করতে ঠিকাদারগণকে অনুরোধ করা হলো।



১৪-০৯-২০২৩

মোঃ মোশারফ হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গোসাইরহাট/ডামুড্যা এলএসডি, এবং
- ২। মেসার্স-----, আইআরটিসি।

স্মারক নম্বর: ১৩.০২.৮৬০০.০০০.০৫.০০১.২২.৯৫৯/১ (৬)

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। জেলা প্রশাসক, শরীয়তপুর;
- ৩। পুলিশ সুপার, শরীয়তপুর;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা;
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোসাইরহাট/ ডামুড্যা শরীয়তপুর। জারিকৃত চলাচল সূচার চাল যথাযথভাবে মনিটরিং করে প্রেরণ/ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হয়ে নিয়ন্ত্রককারীকে অবহিত করার জন্য বলা হলো, এবং
- ৬। জনাব মোঃ মিজানুর রহমান, কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।



১৪-০৯-২০২৩

মোঃ মোশারফ হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)